# পরীক্ষায় অসদুপায় অবলম্বন ও শৃংখলা ভঙ্গের শাস্তির সুপারিশকৃত সংশোধিত ও সময়োপযোগী ধারাসমূহ

পরীক্ষায় অসদুপায় অবলম্বন ও শৃংখলা ভঙ্গের শাস্তির ধারাসমূহ সংশোধন ও সময়োপযোগী করা সংক্রান্ত সভায় পরীক্ষায় অসদুপায় অবলম্বন ও শৃংখলা ভঙ্গের দায়ে ০৪/০২/২০১৭ তারিখে অনুষ্ঠিত ৪৭০তম সিন্ডিকেট সভায় অনুমোদিত বর্তমান যে শাস্তির বিধান কার্যকরী রয়েছে তা বিস্তারিতভাবে পর্যালোচনা করা হয় এবং বিভিন্ন ধারা সংশোধন, সংযোজন ও সমন্বয় করে সময়োপযোগী করার সুপারিশ করা হয়। শাস্তির ধারাসমূহ শিক্ষার্থীদের পরীক্ষায় অসদুপায় অবলম্বনের প্রবণতা হ্রাসকরণ, সার্বিক মানসিক পরিস্থিতি বিবেচনা এবং পরিবর্তিত পরীক্ষা ব্যবস্থার সাথে শাস্তির ধারার সমন্বয় সাধন করে তা সময়োপযোগী করা হয়। পরবর্তীতে ৩০-০৬-২০২২ তারিখে ২৫৭তম শিক্ষা পরিষদ সভায় ৫১তম সুপারিশে এবং ০৪-০৭-২০২২ তারিখে ৫১৫তম সিন্ডিকেটে ২নং সিদ্ধান্তে তা অনুমোদিত হয়। কিছু সম্মানিত শিক্ষকের পর্যবেক্ষণের প্রেক্ষিতে সিদ্ধান্তে প্রয়োজনীয় সংশোধন করে তা ধারাসমূহে লিপিবদ্ধ এবং সিন্ডিকেটে রিপোর্ট সাপেক্ষে তা অনুমোদনের জন্য পেশ করা হলো। উল্লেখ্য যে, X-1 এবং X ধারা সংশোধন করা হয়েছে এবং ধারাসমূহ কার্যকর করায় সংশ্লিষ্ট ব্যাক্তিবর্গের অংশগ্রহণ এবং সিন্ডিকেটে অনুমোদনের প্রেক্ষিতে সদস্যদের উপস্থিতির কোরাম সংখ্যা এবং ধারাসমূহের কার্যকরের তারিখ সংযোজিত হয়েছে।

১। **শুধুমাত্র চলতি পরীক্ষার সংশ্লিষ্ট কোর্সটি বাতিল (শাস্তির ধারাঃ XC)**

| | | | |
|---|---|---|---|
| ক. | পরীক্ষা কক্ষে পরিদর্শক/প্রধান পরিদর্শক ব্যতীত অন্য কারও সাথে বিধিবহির্ভূতভাবে যোগাযোগ করলে | অনুষ্ঠিত পরীক্ষায় অসদুপায় অবলম্বনকৃত কোর্সটি বাতিল | বাতিলকৃত কোর্সটির পরীক্ষার জন্য পরবর্তী বছরে ঐ সেমিস্টার/ পরীক্ষায় অবতীর্ণ হতে পারবে |
| খ. | পরীক্ষায় নকল করার মত কোন জিনিস (যেমন- নকলের কাগজপত্র, নকল মজুদ রাখার ইলেক্ট্রনিক যন্ত্র, লিখিত স্কেল টেবিলে ও অন্যান্য দ্রবাদি) পরীক্ষার্থীর কাছে পাওয়া গেছে কিন্তু লিখেনি | | |

২। **শুধুমাত্র চলতি পরীক্ষার সংশ্লিষ্ট কোর্স ও পরবর্তী একটি কোর্সসহ মোট ০২টি কোর্সের পরীক্ষা বাতিল (শাস্তির ধারাঃ X-1)**

| | | | |
|---|---|---|---|
| ক. | প্রবেশপত্র, স্কেল, টেবিল, বেঞ্চ, প্রশ্নপত্র বা পরীক্ষার সরঞ্জামাদি প্রভৃতির লেখা হতে অথবা পরিধেয় বস্ত্র বা শরীরের অংশ হতে নকল করা | অনুষ্ঠিত পরীক্ষায় অসদুপায় অবলম্বনকৃত কোর্স ও পরবর্তী একটি কোর্সসহ মোট দুইটি কোর্সের পরীক্ষা বাতিল* | বাতিলকৃত কোর্স দু'টির পরীক্ষার জন্য পরবর্তী বছরে ঐ সেমিস্টার/পরীক্ষায় অবতীর্ণ হতে পারবে |
| খ. | দূষণীয় কাগজ হতে পয়েন্ট নিয়ে তা বিস্তারিতভাবে লেখার চেষ্টা করা | | |
| গ. | পরিদর্শক, পরীক্ষক, প্রধান পরিদর্শক, পরীক্ষা কমিটির সদস্য, সভাপতি, টেবুলেটর যে কাউকে অযাচিতভাবে প্রভাবিত করার চেষ্টা করা | | |

* X-1 ধারায় শাস্তিপ্রাপ্ত পরীক্ষার্থী অসদুপায় অবলম্বন করা কোর্সটি যদি পরীক্ষার শেষ কোর্স হয়, তবে তার শুধুমাত্র অসদুপায় অবলম্বনকৃত কোর্সটি বাতিল হবে।

৩। **চলতি বছরের সকল পরীক্ষা বাতিল (শাস্তির ধারাঃ X)**

| | | | |
|---|---|---|---|
| ক. | পরীক্ষার হলে মোবাইলে তোলা ছবি বা মোবাইল সংযোগের মাধ্যমে বা ইলেকট্রনিক যন্ত্রপাতির সহায়তায় অথবা ক্যালকুলেটর (অনুমোদিত/ অননুমোদিত) দ্বারা নকল করা হলে | অনুষ্ঠিত চলতি বছরের (অথবা ঐ সেমিস্টার ও পরের সেমিস্টার) পরীক্ষা বাতিল | পরের বছরে অনরূপ সেমিস্টার থেকে সকল পরীক্ষায় অবতীর্ণ হতে পারবে |
| খ. | পরীক্ষার্থী তার রিসার্চ মনোগ্রাফ/টার্ম পেপার/থিসিস পেপারে অপরের রিসার্চ মনোগ্রাফ/টার্ম পেপার/থিসিস পেপারের কোন রেফারেন্স ছাড়া কপি করে জমা দিলে। | | |
| গ. | মূল খাতায় বাইরের লেখা কোন প্রশ্নের উত্তরসহ পাতা সংযুক্ত করলে | | |
| ঘ. | পরীক্ষার হলে বিশৃংখলা সৃষ্টি করলে | | |
| ঙ. | পরীক্ষায় এক পরীক্ষার্থী অন্য পরীক্ষার্থীর সাথে উত্তরপত্র বিনিময় (Exchange) করলে | | |
| চ. | উত্তরপত্র মূল্যায়নের সময় মূল খাতার সঙ্গে অতিরিক্ত খাতার কোনরূপ অসঙ্গতি দেখা গেলে | | |

৪। **চলতি বছরের পরীক্ষাসহ পরবর্তী বছরের পরীক্ষা বাতিল (শাস্তির ধারাঃ X+1)**

| | | | |
|---|---|---|---|
| ক. | পরীক্ষকের সাথে আপত্তিকর ভাষা ও বাক্য বিনিময় করলে বা পরীক্ষা কক্ষের ভেতরে বা বাইরে পরীক্ষককে ভীতি প্রদর্শন করলে অথবা পরীক্ষার কাজে নিয়োজিত কাউকে অপমান করলে বা উগ্র আচরণ করলে বা শারীরিকভাবে লাঞ্ছিত করলে | চলতি পরীক্ষাসহ পরবর্তী পরীক্ষা বাতিল | শাস্তির মেয়াদান্তে বিধি মোতাবেক পরীক্ষায় অবতীর্ণ হতে পারবে |
| খ. | পরীক্ষা কক্ষ হতে খাতা বাইরে নিয়ে যাওয়া, খাতা ছিঁড়ে ফেলা বা ছেঁড়া খাতা জমা দেয়া | | |

পরিষদ শাখা সিনেট ভবন
রাজশাহী বিশ্ববিদ্যালয়

**পরীক্ষায় শৃংখলা সংক্রান্ত মূল কমিটি নিম্নবর্ণিত ব্যক্তিবর্গ নিয়ে গঠিত হবেঃ**

| | | |
|---|---|---|
| (ক) | উপাচার্য, রা.বি. | সভাপতি (পদাধিকার বলে) |
| (খ) | উপ-উপাচার্যদ্বয় (২ জন), রা.বি. | সদস্য " |
| (গ) | সকল অনুষদ অধিকর্তা, রা.বি. | সদস্য " |
| (ঘ) | উপাচার্য মনোনীত ২ জন প্রাধ্যক্ষ, রা.বি. | সদস্য " |
| (ঙ) | উপাচার্য মনোনীত ৩ জন অধ্যাপক/প্রফেসর, রা.বি. | সদস্য " |
| (চ) | প্রক্টর, রা.বি. | সদস্য " |
| (ছ) | পরীক্ষা নিয়ন্ত্রক, রা.বি. | সদস্য-সচিব " |

উপাচার্য, উপ-উপাচার্য, প্রক্টর, অনুষদ অধিকর্তা ও পরীক্ষা নিয়ন্ত্রক ব্যতীত প্রাধ্যক্ষ ও অধ্যাপক/প্রফেসর সদস্যগণ **দুই বছরের** জন্য মনোনীত হবেন। মূল কমিটিতে কমপক্ষে **৮ জন** সদস্য উপস্থিত থাকলে কোরাম হবে। উপাচার্য মনোনীত একজন উপ-উপাচার্য-কে আহ্বায়ক করে দুইজন অনুষদ অধিকর্তা ও একজন অধ্যাপক/প্রফেসরকে সদস্য এবং পরীক্ষা নিয়ন্ত্রককে সদস্য-সচিব করে পরীক্ষা শৃংখলা উপ-কমিটি গঠিত হবে। উপ-কমিটিতে কমপক্ষে **৩ জন** সদস্য উপস্থিত থাকলে কোরাম হবে।

১। কোন পরীক্ষার্থী **XC** এবং **X-1** ধারায় বর্ণিত শাস্তিযোগ্য অপরাধ করলে উক্ত পরীক্ষার পরিদর্শকগণ তার শাস্তির সুপারিশ সভাপতির মাধ্যমে দ্রুততম সময়ে পরীক্ষা নিয়ন্ত্রককে অবহিত করবেন। এ সিদ্ধান্ত সংশ্লিষ্ট পরীক্ষা কমিটিকে ও পরীক্ষার্থীকে তাৎক্ষণিকভাবে অবহিত করতে হবে। পরীক্ষা নিয়ন্ত্রক উক্ত সিদ্ধান্ত পরীক্ষায় শৃঙ্খলা সংক্রান্ত উপ-কমিটি ও মূল কমিটির মাধ্যমে সিন্ডিকেটে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণের জন্য রির্পোট করার ব্যবস্থা করবেন।

২। কোন পরীক্ষার্থী **X** এবং **X+1** ধারায় বর্ণিত শাস্তিযোগ্য অপরাধ করলে পরীক্ষার পরিদর্শকগণ তা বিভাগের সভাপতির মাধ্যমে পরীক্ষা নিয়ন্ত্রককে অবহিত করবেন এবং উক্ত অপরাধের শাস্তির সিদ্ধান্ত পরীক্ষা শৃঙ্খলা সংক্রান্ত উপ-কমিটির সুপারিশ ও মূল কমিটির সুপারিশক্রমে সিন্ডিকেটের অনুমোদনের মাধ্যমে গ্রহণ করা হবে।

৩। পরীক্ষা শৃংখলা সংক্রান্ত মূল কমিটির সভা হওয়ার পূর্বে পরীক্ষা শৃংখলা সংক্রান্ত উপ-কমিটি সভা করে **X** এবং **X+1** ধারার আলোকে অভিযুক্ত পরীক্ষার্থীদের বিরুদ্ধে শাস্তির সুপারিশ করবে এবং সেই অনুসারে উপ-কমিটির উপস্থিত সকল সদস্যবৃন্দের স্বাক্ষর নিয়ে প্রদত্ত শাস্তির একটি কার্যবিবরণী (Statement) তৈরি করবে যা পরবর্তীতে মূল পরীক্ষায় শৃংখলা সংক্রান্ত কমিটিতে উপস্থাপন করা হবে। পরীক্ষায় শৃংখলা সংক্রান্ত উপ-কমিটির সিদ্ধান্তসমূহ প্রয়োজনবোধে মূল কমিটি পরিমার্জন, পরিবর্তন বা সংশোধন করতে পারবে।

৪। পরীক্ষায় অসদুপায় অবলম্বনকারী শিক্ষার্থীকে অবশ্যই বিভাগীয় মেন্টরের নিকট শাস্তির বিষয়ে রিপোর্ট করতে হবে এবং প্রয়োজন হলে মেন্টর শিক্ষার্থীকে মানসিক স্বাস্থ্য সেলে যোগাযোগ করতে পরামর্শ প্রদান করবেন।

৫। অসদুপায় অবলম্বন ও শৃংখলা ভঙ্গের শাস্তির সংশোধিত ধারা ০১ জুলাই ২০২২ তারিখ থেকে কার্যকর হবে।

8/8/22
(প্রফেসর ড. মো. সাহেদ জামান)
সদস্য, পরীক্ষায় শৃংখলা সংক্রান্ত ধারা সংশোধন কমিটি ও অধিকর্তা, বিজ্ঞান অনুষদ, রা.বি.

08.08.2022
(প্রফেসর ড. মো. ইলিয়াছ হোসেন)
সদস্য, পরীক্ষায় শৃংখলা সংক্রান্ত ধারা সংশোধন কমিটি ও অধিকর্তা, সামাজিক বিজ্ঞান অনুষদ, রা.বি.

04.08.22
(প্রফেসর ড. মোহাম্মদ আবদুল হান্নান)
সদস্য, পরীক্ষায় শৃংখলা সংক্রান্ত ধারা সংশোধন কমিটি ও অধিকর্তা, আইন অনুষদ, রা.বি,

(প্রফেসর ড. মোহাম্মদ শহিদুল আলম)
সদস্য, পরীক্ষায় শৃংখলা সংক্রান্ত ধারা সংশোধন কমিটি ও অধিকর্তা, জীব-বিজ্ঞান, রা.বি.

8/8/22
(প্রফেসর ড. এম. নজরুল ইসলাম)
সদস্য, পরীক্ষায় শৃংখলা সংক্রান্ত ধারা সংশোধন কমিটি ও প্রাণীবিদ্যা বিভাগ, রা.বি.

4 8 22
(মোঃ আলমগীর হোসেন সরকার)
সদস্য-সচিব, পরীক্ষায় শৃংখলা সংক্রান্ত ধারা সংশোধন কমিটি ও পরীক্ষা নিয়ন্ত্রক, রা.বি.

08/08/2022
(প্রফেসর মো. সুলতান-উল-ইসলাম)
সভাপতি, পরীক্ষায় শৃংখলা সংক্রান্ত ধারা সংশোধন কমিটি
ও
উপ-উপাচার্য, রাজশাহী বিশ্ববিদ্যালয়

শাখা সিনেট ভবন
রাজশাহী বিশ্ববিদ্যালয়
20.09.22

# ১৪-০৯-২০২২ তারিখে অনুষ্ঠিত ৫১৬তম সিন্ডিকেট সভার কার্যবিবরণীর উদ্ধৃতাংশ

প্রস্তাব নং-১৪৫

পরীক্ষায় অসুদাপায় অবলম্বন ও শৃঙ্খলা বিরোধী কাজের জন্য পূর্বে অনুমোদিত শাস্তির ধারা সংশোধনপূর্বক পরীক্ষা শৃঙ্খলা ভঙ্গের শাস্তির ধারা সংশোধন কমিটি যে সুপারিশ করেছেন তা বিবেচনা।

সিদ্ধান্ত নং-১৪৫

পরীক্ষায় অসুদাপায় অবলম্বন ও শৃঙ্খলা বিরোধী কাজের জন্য পূর্বে অনুমোদিত শাস্তির ধারা সংশোধনপূর্বক পরীক্ষা শৃঙ্খলা ভঙ্গের শাস্তির ধারা সংশোধন কমিটির সুপারিশ গৃহীত হলো।

(পরিশিষ্ট-১৪৫)

২০/৯/22

রেজিস্ট্রার/এর পক্ষে
রাজশাহী বিশ্ববিদ্যালয়

# ৩০-০৬-২০২২ তারিখে অনুষ্ঠিত ২৫৭তম শিক্ষা পরিষদ সভার কার্যবিবরণীর উদ্ধৃতাংশ

প্রস্তাব নং-৫১

পরীক্ষায় অসদুপায় অবলম্বন ও শৃঙ্খলা বিরোধী কাজের শাস্তির ধারাগুলো পরিবর্তন ও সংশোধনপূর্বক যুগোপযোগী করার নিমিত্তে পরীক্ষা শৃঙ্খলা ভঙ্গের শাস্তির ধারা সংশোধন কমিটির সুপারিশ বিবেচনা।

সিদ্ধান্ত নং-৫১

পরীক্ষায় অসদুপায় অবলম্বন ও শৃঙ্খলা বিরোধী কাজের শাস্তির ধারাগুলো পরিবর্তন ও সংশোধনপূর্বক যুগোপযোগী করার নিমিত্তে গঠিত কমিটির সুপারিশ আলোচিত হলো এবং সুপারিশে নিম্নলিখিত বিষয়গুলি সংশোধন করার শর্তে পরীক্ষায় অসদুপায় অবলম্বন ও শৃঙ্খলা ভঙ্গের শাস্তির ধারা অনুমোদনের জন্য সুপারিশ করা হলো:

(ক) কোন পরীক্ষার্থী XC ও X-1 ধারায় উল্লিখিত অপরাধ একাধিকবার করলে তাকে এক বছরের জন্য এবং X ও X+1 ধারায় উল্লিখিত অপরাধ একাধিকবার করলে বিশ্ববিদ্যালয় থেকে বহিস্কার করা হবে।

(খ) এই সংশোধিত শাস্তির ধারা ০১ জুলাই ২০২২ তারিখ থেকে কার্যকর হবে।

(গ) "মূল কমিটিতে কমপক্ষে ০৮ (আট) জন উপস্থিত থাকলে কোরাম হবে"।

(পরিশিষ্ট-৫১)

৫.৭.22

রেজিস্ট্রার/এর পক্ষে
রাজশাহী বিশ্ববিদ্যালয়

Approved under Res. No. 2
of the 515 meeting of the
Syndicate held on 4.7.22

৫/৭/22